

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যোগাযোগ মন্ত্রণালয়  
সড়ক বিভাগ  
সওজ গেজেটেড সংস্থাপন শাখা

নং- ৩৫.০২২.০১৫.০০.০০.০৩২.২০১৩-৩৪৬

তারিখ : ২০/০৫/২০১৩ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ১০/০২/২০১৩ তারিখের নং-৮০.১০১.০১১.০০.০০.০০৮.২০১০-৬৭ পত্রের সুপারিশ মোতাবেক জনাব আব্দুল্লাহ-আল-মামুন (রেজিঃ নম্বর-০৫০২৭৩), পিতা-হেবজু মিয়া, গ্রাম- বনগজ, ডাকঘর- গংগাসাগর, উপজেলা- আখাউড়া, জেলা- বি-বাড়ীয়া -কে যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক বিভাগের অধীন সড়ক ও জনপথ অধিদপ্তরে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ৯ নম্বর গ্রেডভুক্ত ১১০০০-৪৯০-X ৭-১৪৪৩০-ইবি-৫৪০X ১১-২০৩৭০/- টাকা স্কেলে রাজস্ব খাতভুক্ত (অস্থায়ী) “সহকারী বৃক্ষপালনবিদ” পদে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হল :

শর্তাবলী:

- (ক) তাঁকে সরকার নির্ধারিত প্রশিক্ষণ কেন্দ্রে অথবা সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে ;
- (খ) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অপসারণ করা যাবে ;
- (গ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন ও শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকুরিতে স্থায়ী করা হবে ;
- (ঘ) চাকুরিতে যোগদানের সময় তাঁকে একজন জামানতদারসহ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকুরিতে ইস্তফা দেন, তবে প্রদত্ত বেতন-ভাতা এবং চাকুরিকালে গৃহিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ফেরত দিতে বাধ্য থাকবেন ;
- (ঙ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারি এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শুখলা ও আপীল) বিধিমালা-১৯৮৫ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে ;
- (চ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে ;
- (ছ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে ;
- (জ) The Government Servants (Conduct) Rules 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ে জমা দিতে হবে ;
- (ঝ) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

-অপর পৃষ্ঠা দ্রষ্টব্য-

পূর্ব পৃষ্ঠার পর-

- ২। উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০১/০৬/২০১৩ তারিখের মধ্যে এ বিভাগে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হল। নির্ধারিত সময়ে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে ইচ্ছুক নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হল এবং তাঁর যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষর:-

(মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫৮৫২৫৭

নং- ৩৫.০২২.০১৫.০০.০০.০৩২.২০১৩-৩৪৬/১(১৩)

তারিখ : ২০/০৫/২০১৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, রমনা, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, যোগাযোগ মন্ত্রণালয়।
- ৫। প্রধান বৃক্ষপালনবিদ, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক গবেষণাগার, মিরপুর, ঢাকা।
- ৬। প্রধান হিসার রক্ষণ কর্মকর্তা, যোগাযোগ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ৭। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়।
- ৯। সিস্টেম এনালিস্ট, আইসিটি ইউনিট, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ১০। জনাব আব্দুল্লাহ আল-মামুন (রেজিঃ নম্বর-০৫০২৭৩), পিতা- হেবজু মিয়া, গ্রাম- বনগজ, ডাকঘর- গংগাসাগর, উপজেলা- আখাউড়া, জেলা- বি-বাড়ীয়া।
- ১১। অফিস কপি/মাস্তার কপি।

(মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী)  
সিনিয়র সহকারী সচিব